



উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।



“উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র”

নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার জুলাই/২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ ও সময় : ৩১-০৭-২০২২ খ্রিঃ, বেলা ১১:০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট “ক”

সভার প্রারম্ভে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়। নিম্নে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১। সম্প্রতি উপজেলা পরিষদ সাধারণ সভার সদস্যবৃন্দ বিভিন্ন দাপ্তরিক কাজ থাকায় সভায় তাদের প্রতিনিধি প্রেরণ করেন। ফলে সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণে সমস্যা হচ্ছে। যুক্তিসঙ্গত কারণ ব্যতীত পরবর্তী সভায় সকল সদস্যকে উপস্থিত থাকার বিষয়ে আলোচনা করা হয়।	যুক্তিসঙ্গত কারণ ব্যতীত উপজেলা পরিষদের সাধারণ সভার সকল সদস্যকে স্বয়ং উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। পর পর দুই সভায় অনুপস্থিত সদস্যদের বিষয়ে তাদের উর্ধ্বতন কর্তৃপক্ষকে গোচরীভূত করা হবে।	সংশ্লিষ্ট সকল
২। উপজেলা স্বাস্থ্য বিভাগ : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, মাস্কিপক্স ডিজিস ব্যাপারে সবাইকে সতর্ক থাকার জন্য অনুরোধ ও জনসচেতনতা বৃদ্ধির অনুরোধ করছি। পাশাপাশি স্বল্প সময়ের মধ্যে ৫-১২ বছর বয়সী সকল শিশুদের কোভিড-১৯ ভেক্সিন এর আওতায় আনার কর্মসূচী শুরু হবে। সকল সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে তাদের ছাত্র-ছাত্রীদের জন্মনিবন্ধন সনদের মাধ্যমে অনলাইন সুরক্ষা এপস নিবন্ধিত করার জন্য অনুরোধ করেন।	মাস্কিপক্স ডিজিস এর ব্যাপারে সতর্ক থাকার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
৩। উপজেলা কৃষি বিভাগ : উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, খরিপ ২/২০২২-২৩ খ্রি : মৌসুমে প্রণোদনার আওতায় ১০০০জন চাষীকে আমন ধানের বীজ ও সার বিতরণ করা হয়েছে। খরিপ-২ মৌসুমে আমন ধানের আবাদের লক্ষ্যমাত্রা ২৩১৪০ হেক্টর। অদ্য পর্যন্ত আবাদ ৭০৩১ হেক্টর এবং আবাদের কাজ চলিতেছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	প্রকৃত কৃষকদের মাঝে প্রণোদনা বিতরণের অনুরোধ করা হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি অফিসার।
৪। উপজেলা প্রাণি সম্পদ বিভাগ : উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা।
৫। দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরের টিআর/কাবিটা সম্পন্ন করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
৬। পরিবার পরিকল্পনা বিভাগ : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প:প: কর্মকর্তা
৭। উপজেলা সমাজসেবা বিভাগ : উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা সমাজ সেবা কর্মকর্তা
৮। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ : উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের ২১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মেরামত ও সংস্কার কাজ ৬৪টি বিদ্যালয়ের রুটিন মেইনটেনেন্স ৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাজ ১০০% সম্পাদন করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ
৯। মৎস্য বিভাগ : উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২ সফলভাবে সম্পন্ন হয়েছে। ৬৫ দিনে সুমধ্রে মাছ ধরা	বিভাগীয় কার্যক্রম বিধি মোতাবেক সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ	উপজেলা মৎস্য কর্মকর্তা

বন্ধ উপলক্ষে ভিজিএফ চাল বরাদ্দ ও বন্টন করা হয়েছে। চেয়ারম্যান সাহেবদের ভিজিএফ এর মাস্টার রোল দ্রুত দেওয়ার জন্য অনুরোধ জানানো হয়। নতুন জেলে নিবন্ধনের কাজ শুরু হয়েছে। এ ব্যাপারে সকলের সর্বাত্মক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	করা হয়।	
১০। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ : উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান যে, চলমান বিভিন্ন প্রকল্পের কাজ স্বাভাবিক আছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	চলমান প্রকল্পসমূহ সঠিকভাবে তদারকি করা এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১১। পল্লী উন্নয়ন বিভাগ : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ক্ষুদ্র ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ২.৫০ কোটি, বিতরণ করা হয়নি। ঋণ আদায় লক্ষ্যমাত্রা ২.২০ কোটি টাকা অর্জন ১৮.৯৬ লক্ষ টাকা। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	উপকারভোগীদের মাঝে যথাযথভাবে ঋণ বিতরণ ও আদায় এবং ক্ষুদ্রঋণ বাস্তবায়নের কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
১২। মহিলা বিষয়ক অধিদপ্তর : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির ইউনিয়ন পর্যায়ে কমিটি থাকা সত্ত্বেও কোন সভা করে রেজুলেশন অদ্যাবধি পাওয়া যায় নি। এ ব্যাপারে সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানদেরকে সভা আহ্বান করে রেজুলেশন প্রেরণের অনুরোধ করেন। এছাড়া কোর্টের অবৈধ এফিডেভিটের মাধ্যমে বাল্য বিবাহ বন্ধের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	প্রত্যেক ইউনিয়ন পরিষদকে সভা আহ্বান করে সভার রেজুলেশন পাঠানোর ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া অবৈধ এফিডেভিটের মাধ্যমে বাল্য বিবাহের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা খ) চেয়ারম্যান (সকল) ইউপি
১৩। সমবায় বিভাগ : উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, ২০২০-২১ সনের নিরীক্ষার ভিত্তিতে সমবায় সমিতির নীট লাভের ভিত্তিতে অডিট ফি ১১২২৭০/- টাকা, ভ্যাট ১৬৮৪১/- টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে। সিডিএফ ১৪৩০৭১/- টাকা সরকারি ফান্ডে জমা দেয়া হয়েছে। দক্ষিণ চরএলাহী আশ্রয়ন প্রকল্প হতে আসল ও সার্ভিস চার্জ সহ ২২০০/- টাকা আদায় এবং দক্ষিণ গাংচিল আশ্রয়ন ফেইজ-২ প্রকল্প হতে আসল ও সার্ভিস চার্জ সহ ৫০০/- টাকা আদায় করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	উপকারভোগীদের মাঝে যথাযথভাবে ঋণ বিতরণ ও আদায় বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।	উপজেলা সমবায় কর্মকর্তা
১৪। উপজেলা যুব উন্নয়ন বিভাগ : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান ২২-২৩ অর্থবছরে প্রশিক্ষণে কোন বরাদ্দ না থাকায় প্রশিক্ষন কার্যক্রম শুরু করা হয়নি। এছাড়া সামাজিক বিষয়ে উদ্ধুদ্ধকরন কর্মসূচী অব্যাহত আছে। অন্য কার্যক্রম স্বাভাবিক চলছে।	প্রকৃত বেকার যুবক/যুব মহিলাদের প্রশিক্ষণের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি এবং ঋণ বিতরণ কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়া ও যথাসময়ে ঋণ আদায়ের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ
১৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, সিলেট ও সুনামগঞ্জ জেলার বন্য দূর্গত এলাকার শিক্ষার্থীদের জন্য (সরকারি সরবরাহকৃত বিনামূল্যের পাঠ্যপুস্তক অত্র উপজেলায় শিক্ষার্থীগণের মাঝে বিতরণ পরবর্তী অবশিষ্ট) বিতরণের জন্য ৩৪৯৭৫টি পাঠ্যপুস্তক ইতিমধ্যে প্রেরণ করা হয়েছে। ২০২২ সালের বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতার উপজেলার শ্রেষ্ঠ শিক্ষার্থী ও জাতীয় শিক্ষা সপ্তাহ প্রতিযোগিতায় শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ শিক্ষক, ও বিভিন্ন বিষয় ও ক্ষেত্রে শ্রেষ্ঠ শিক্ষার্থীদের মাঝে পুরস্কার ও সনদ বিতরণ অনুষ্ঠানিকভাবে সম্পন্ন হয়েছে।	সরকারি বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ
১৬। বন বিভাগ : রেঞ্জ অফিসার সভায় উপস্থিত জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	বিধি মোতাবেক বনায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	রেঞ্জ অফিসার, কোম্পানীগঞ্জ রেঞ্জ
১৭। পরিসংখ্যান বিভাগ : উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, বিগত ১৫ জুন থেকে ২১ জুন জনশুমারী ও গৃহগণনা ২০২২ এর মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ করা হয়। গত ২৭/০৭/২০২২ খ্রি: তারিখে বিবিএস প্রাথমিক ফলাফল প্রকাশ করেছেন। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ
১৮। সহকারী প্রোগ্রামার : উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, ই-নথি কার্যক্রম চলমান রয়েছে। পোর্টালে তথ্য সংযোজন এবং হালনাগাদ চলমান রয়েছে ই-নথি এবং পোর্টালের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	সরকারি দপ্তরসমূহে ই-নথি ব্যবহার, ওয়েব পোর্টাল হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। সহকারী প্রোগ্রামার
১৯। উপজেলা খাদ্য অফিস : উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ করা হয়।	ক) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
২০। বিএডিসি বিভাগ : উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ)

২১। শিক্ষা প্রকৌশল বিভাগ : উপসহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম বিষয়ে আলোচনা করা যায়নি।	উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কোম্পানীগঞ্জ, নোয়াখালী পর পর কয়েকটি সভায় অনুপস্থিত থাকায় তার বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
২২। আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) : আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) সভায় জানায় তার বিভাগীয় কার্যক্রম সঠিক ভাবে চলমান রয়েছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ করা হয়।	আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ)
২৩। ডিজিএম (পল্লী বিদ্যুৎ) : ডিজিএম (পল্লী বিদ্যুৎ) সভায় জানান যে, চাহিদা দিনের ১২ মেগাওয়াট থাকলে পাওয়া যায় ৫ মেগাওয়াট ও রাতে ১৭ মেগাওয়াট থাকলেও পাওয়া যায় ৮ মেগাওয়াট। চাহিদা থেকে প্রাপ্তি কম হওয়ায় প্রতিটি ফিডারে ১০-১২ ঘন্টা লোডশেডিং করা হচ্ছে। আগামী ২-৩ মাসের মধ্যে উক্ত সমস্যার সমাধান করা হইবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিজিএম (পল্লী বিদ্যুৎ), কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
২৪। তথ্য কেন্দ্র : তথ্য সেবা কর্মকর্তা (তথ্য কেন্দ্র) সভায় জানান যে, প্রাথমিক স্বাস্থ্য সেবা (ব্লাড সুগার পরিমাপ, ব্লাড প্রেসার পরিমাপ, ওজন পরিমাপ, উচ্চতা পরিমাপ), তথ্য সেবা প্রদান (শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, জেভার, কৃষি) বিষয়ক উদ্যোক্তা তৈরিতে সহায়তা করা, বিনামূল্যে অনলাইন সেবা প্রদান। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	তথ্য সেবা কর্মকর্তা, তথ্য কেন্দ্র,
২৫। উপজেলা প্রকৌশলী: উপজেলা প্রকৌশলী কোম্পানীগঞ্জ, নোয়াখালী জানান যে, প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা মহোদয়ের দপ্তরের স্মারক নং-৪৬.০২. ০০০০. ২০২.৯৯. ০০১.২০-১৫৫১, তারিখ : ১৭-০৭-২০২২ ইং এর মাধ্যমে গ্রামীণ যোগাযোগ ব্যবস্থার Connectivity বৃদ্ধি একটি দক্ষ সড়ক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। সড়ক এবং সড়ক অবকাঠামোর সুবিন্যস্ত তথ্য সম্বলিত একটি নির্ভরযোগ্য রোড ইনভেন্টরী তৈরীর জন্য সকল প্রকার সড়ক ইনভেন্টরীতে অন্তর্ভুক্তির বিকল্প নাই। এমতাবস্থায় অত্র উপজেলার সকল ইউনিয়নের গ্রাম সড়ক এলজিইডিতে অন্তর্ভুক্ত করা হয়নি, সে সকল সড়কের তালিকা প্রদানের জন্য অত্র দপ্তরের স্মারক নং-এলজিইডি/ উঃপ্রঃ/ কোম/ নোয়া/২০২২/৪০২, তারিখ : ২০-০৭-২০২২ ইং এ মাধ্যমে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে নতুন সড়কে তালিকা প্রদানের জন্য অনুরোধ করা হয়।	বিস্তারিত আলোচনান্তে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে ইনভেন্টরীতে অন্তর্ভুক্তির জন্য বাদ পড়া সকল সড়কের তালিকা জরুরী ভিত্তিতে প্রদানের সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ খ) উপজেলা নির্বাহী অফিসার গ) উপজেলা প্রকৌশলী ঘ) চেয়ারম্যান (সকল) ইউপি
২৬। উপজেলা পরিষদ বিবিধ : (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, কম্পিউটার মেরামত উপজেলা পরিষদের আবাসিক কেয়াটারের ইলেকট্রিক ও পানির লাইন মেরামত, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদ্যুৎ বিল, সুইপার এর মজুরী, পত্রিকার বিল পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।	(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, কম্পিউটার মেরামত উপজেলা পরিষদের আবাসিক কেয়াটারের ইলেকট্রিক ও পানির লাইন মেরামত, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদ্যুৎ বিল, সুইপার এর মজুরী, পত্রিকার বিল পরিশোধের হতে পরিশোধের জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ গ) উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ

এছাড়াও তিনি বলেন, কোম্পানীগঞ্জ উপজেলার শান্তি ও সমৃদ্ধির জন্য সবাইকে একসাথে কাজ করতে হবে। ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানকে উপজেলা আইন শৃঙ্খলা কমিটি ও উপজেলা পরিষদ সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 (মোহাম্মদ শাহাব উদ্দিন)
 চেয়ারম্যান
 উপজেলা পরিষদ
 কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

স্মারক নম্বর : ০৫.৪২.৭৫২১.০০০.০৬.০০১.১৮-

১২৮৮২

তারিখ : ১১ আগস্ট ২০২২

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

- ০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।
- ০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী।
- ০৭। উপজেলা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
- ০৮। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।



মো: মেজবা উল আলম ভূঁইয়া
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
ফোন : ০২৩৩৪৪৯৪২০৪

E-mail: mejbabul@up.gov.bd